# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২১]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৯: (নিদ্রা থেকে জাগ্রত হওয়ার পর) যে যিকরের মাধ্যমে কিয়ামুল লায়ল শুরু করা হবে

## باب ذِكْرِ مَا يُسْتَفْتَحُ بِهِ الْقِيَامُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، قال: أَنْبَأَنَا ابْنُ الْقَاسِمِ، عَنْ مَالِكٍ، قال: حَدَّثَنِي مَخْرَمَةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ كُرَيْبٍ، أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَبَّاسٍ أَخْبَرَهُ، أَنَّهُ بَاتَ عِنْدَ مَيْمُونَةَ أُمِّ الْمُؤْمِنِينَ وَهِيَ خَالَتُهُ، فَاضْطَجَعَ فِي عَرْضِ الْوِسَادَةِ وَاضْطَجَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَهْلُهُ فِي طُولِهَا، فَنَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، حَتَّى إِذَا انْتَصَفَ اللَّيْلُ أَوْ قَبْلَهُ قَلِيلًا أَوْ بَعْدَهُ قَلِيلًا اسْتَيْقَظَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَلَسَ يَمْسَحُ النَّوْمَ عَنْ وَجْهِهِ بِيَدِهِ، ثُمَّ قَرَأَ الْعَشْرَ الْآيَاتِ الْخَوَاتِيمَ مِنْ سُورَةِ آلِ عِمْرَانَ، ثُمَّ قَامَ إِلَى شَنٍّ مُعَلَّقَةٍ فَتَوَضَّأَ مِنْهَا فَأَحْسَنَ وُضُوءَهُ، ثُمَّ قَامَ يُصَلِّي، قَالَ عَبْدُ اللَّهِ بْنُ عَبَّاسٍ: فَقُمْتُ فَصَنَعْتُ مِثْلَ مَا صَنَعَ، ثُمَّ ذَهَبْتُ فَقُمْتُ إِلَى جَنْبِهِ فَوَضَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ الْيُمْنَى عَلَى رَأْسِي، وَأَخَذَ بِأُذُنِي الْيُمْنَى يَفْتِلُهَا فَصَلَّى رَكْعَتَيْنِ، ثُمَّ رَكْعَتَيْنِ ثُمَّ رَكْعَتَيْنِ ثُمَّ رَكْعَتَيْنِ ثُمَّ رَكْعَتَيْنِ ثُمَّ رَكْعَتَيْنِ ثُمَّ أَوْتَرَ، ثُمَّ اضْطَجَعَ حَتَّى جَاءَهُ الْمُؤَذِّنُ فَصَلَّى رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٦٨٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1621 ـ صحيح

বাংলা

১৬২০. মুহাম্মাদ ইবনু সালামাহ (রহ.) ..... কুরায়ব (রহ.) হতে বর্ণিত। আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) তাঁকে

সংবাদ দিয়েছেন, যে তিনি একবার উম্মুল মু'মিনীন মায়মূনাহ্ (রাঃ)-এর নিকট রাত যাপন করেন। তিনি সম্পর্কে তার খালা ছিলেন তিনি শুইলেন বালিশের প্রস্থে আর রসূলুল্লাহ (সা.) এবং তার পরিবার শুইলেন বালিশের দৈর্ঘ্যে। রসূলুল্লাহ (সা.)  ঘুমিয়ে পড়লেন। যখন রাত অর্ধেক হয়ে গেল তার কিছু পূর্বে বা পরে রসূলুল্লাহ (সা.) জাগ্রত হলেন এবং হাত দ্বারা মুখমণ্ডল থেকে ঘুমের রেশ দূর করতে লাগলেন। তারপর সূরাহ্ আ-লি ইমরান-এর শেষ দশটি আয়াত তিলাওয়াত করলেন। তারপর একটি লটকানো মশকের কাছে গেলেন এবং তার (পানি) দ্বারা উত্তমরূপে উযূ করলেন এবং দাঁড়িয়ে (তাহাজ্জুদের) সালাত আদায় করতে থাকলেন। আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) বলেন, আমিও দাঁড়িয়ে তাঁর মতো করলাম এবং গিয়ে তার পাশে দাঁড়ালাম। তখন রসূলুল্লাহ (সা.) তাঁর ডান হাত আমার মাথার উপর রাখলেন এবং আমার ডান কান ধরে মলতে লাগলেন। অতঃপর তিনি দু' রাক্'আত সালাত আদায় করলেন। আবার দু' রাক'আত, আবার দু' রাক'আত, তারপরও দু' রাক’আত, আবারও দু' রাক’আত, আবার দু' রাক'আত সালাত আদায় করে বিতরের সালাত আদায় করলেন। অতঃপর শুয়ে পড়লেন। পরে মুয়াযযিন তার কাছে আসলে সংক্ষিপ্তভাবে দু' রাক’আত ফজরের সুন্নাত আদায় করলেন।

## English

With what Qiyam should begin

It was narrated from Kuraib that 'Abdullah bin 'Abbas told him: He slept at the house of Maimunah the wife of the Prophet (ﷺ), who was his maternal aunt. He said: I laid down across the mattress an the Messenger of Allah (ﷺ) and his wife lay along it. The Prophet (ﷺ) slept until midnight, or a little before or a little after. The Prophet (ﷺ) woke up and began to rub the sleep from his face with his hand. Then he recited the last ten verses of Surah Al Imran. Then he got up and went to a water skin that was hanging up and performed wudu from it, and he performed wudu well, then he stood up and prayed. Abdullah bin 'Abbas said: I stood up and did what he had done, then I went and stood beside him. The Messenger of Allah (ﷺ) put his right hand on my neck, and took old of my right hand and tweaked it. Then he prayed two rak'ahs, then two rak'ahs, then two rak'ahs, then two rak'ahs, then two rak'ahs, then two rak'ahs, then he prayed witr.Then he lay down until the Mu'adhdhin came to him and he prayed two brief rak'ahs.

## ফুটনোট

সহীহঃ বুখারী ১৮৩, মুসলিম ৭৬৩, ইবনু মাজাহ ১৩৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ কুরায়ব (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90116

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন